**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 09-10-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Cm inaugurate :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহা আজ জম্পুইজলায় নবনির্মিত ৪৮০ আসনের একলব্য মডেল আবাসিক বিদ্যালয়ের উদ্বোধন করবেন। কেন্দ্রীয় সরকারের জনজাতি বিষয়ক মন্ত্রক  ২০১৮-১৯ অর্থবছরে জম্পুইজলায় ৪৮০ আসনের একলব্য মডেল আবাসিক বিদ্যালয় নির্মাণের জন্য অনুমোদন প্রদান করে। বিদ্যালয় নির্মাণের দায়িত্ব ত্রিপুরা হাউজিং অ্যান্ড কনস্ট্রাকশন বোর্ডকে প্রদান করা হয়। এই বিদ্যালয়টি নির্মাণে ২৮ কোটি ৫৪ লক্ষ টাকা ব্যয় হয়েছে।অনুষ্ঠানে জনজাতি কল্যাণ  মন্ত্রী বিকাশ দেববর্মা সহ অন্যান্যরা  উপস্থিত থাকবেন।

**************

**India mobile Congress :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল নতুনদিল্লির যশোভূমিতে এশিয়ার বৃহত্তম টেলিযোগাযোগ, মিডিয়া এবং প্রযুক্তি অনুষ্ঠান ইন্ডিয়া মোবাইল কংগ্রেস ২০২৫-এর নবম পর্বের উদ্বোধন করেছেন। সমাবেশে শ্রী মোদী বলেন, টেলিযোগাযোগ ক্ষেত্রে দেশের সাফল্য, আত্মনির্ভর ভারতের শক্তিকে প্রতিফলিত করে। তিনি বলেন, দেশে এখন প্রায় প্রতিটি জেলায় 5জি সংযোগ হয়েছে। তিনি উল্লেখ করেন যে দেশ সম্প্রতি মেড ইন ইন্ডিয়া 4G স্ট্যাক চালু করেছে, যা একটি বড় দেশীয় অর্জন। শ্রী মোদী বলেন, ভারত এখন বিশ্বের দ্বিতীয় বৃহত্তম টেলিকম বাজার এবং দ্বিতীয় বৃহত্তম 5G বাজার।

**Next Generation GST-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, জি.এস.টি. ব্যবস্থার সংস্কার একটি জনমুখী সিদ্ধান্ত। জিএসটি-র হার সংস্কারের ফলে দেশের মধ্যবিত্ত শ্রেণি থেকে শুরু করে কৃষক, শ্রমিক সহ সমাজের সর্বস্তরের মানুষ উপকৃত হবেন। গতকাল আগরতলার মুক্তধারা অডিটোরিয়ামে দুদিনব্যাপী 'নেক্সট জেনারেশন জিএসটি' শীর্ষক কর্মশালার সূচনা করে তিনি একথা বলেন। অর্থ দপ্তরের উদ্যোগে এবং

ইন্সটিটিউট অব চার্টার্ড অ্যাকাউন্টেন্ট অব ইন্ডিয়ার সহায়তায় এই কর্মশালা আয়োজিত হয় | মুখ্যমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি দেশীয় পণ্য ব্যবহার, অভ্যন্তরীণ পর্যটন ব্যবস্থার উন্নয়নের উপর বিশেষ জোর দিয়েছেন। যাতে দেশের অর্থ দেশেই থাকে।

কর্মশালায় অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়ও উপস্থিত ছিলেন |

******************

**Hazagri Festival:**

দক্ষিণ জেলার বকাফা ইংরেজি মাধ্যম দ্বাদশ স্কুল মাঠে ব্রু সোসিও কালচারাল অর্গানাইজেশন আয়োজিত ৩৩ তম রাজ্যভিত্তিক হজাগরি উৎসবের গতকাল উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। অনুষ্ঠানে সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া সহ বিভিন্ন স্তরের নির্বাচিত জনপ্রতিনিধি ও সরকারী আধিকারিকরা উপস্থিত ছিলেন | মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের জনজাতিদের সার্বিক বিকাশে কাজ করে চলছে কেন্দ্র ও রাজ্য সরকার। উদ্বোধনী অনুষ্ঠান শেষে শুরু হয় সাংস্কৃতিক অনুষ্ঠান।

**************

**Aadi Karmayogi Abhiyan–North :**

উত্তর ত্রিপুরা জেলা প্রশাসনের উদ্যোগে ধর্মনগরের সার্কিট হাউসে কর্মযোগী বিষয়ে তিন দিনব্যাপী এক প্রশিক্ষণ কর্মশালা গতকাল থেকে শুরু হয়েছে। উদ্বোধন করেন উত্তর ত্রিপুরার জেলাশাসক চাঁদনী চন্দ্রন। এই কর্মশালায় জেলার বিভিন্ন ব্লক থেকে সরকারি কর্মচারী ও এনজিওর সদস্যরা অংশগ্রহণ করেছেন।

**Mukhyamontri Samipeshu :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার সরকারি বাসভবনে গতকাল মুখ্যমন্ত্রী সমীপেষু কর্মসূচি অনুষ্ঠিত হয়। কর্মসূচিতে মুখ্যমন্ত্রী রাজ্যের বিভিন্ন প্রান্ত থেকে আগত নাগরিকদের সমস্যার কথা শোনেন এবং তা সুরাহার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ প্রদান করেন।

***************

**ADC Pension :**

এডিসি এমপ্লয়িজ পেনশনারস অ্যাসোসিয়েশনের সহ-সভাপতি তপন কুমার দেব গতকাল  আগরতলা প্রেসক্লাবে এক সাংবাদিক সম্মেলনে জানান, ২০২৪ সালের জানুয়ারি থেকে অবসরপ্রাপ্ত এডিসির ১৫৩ জন কর্মচারী এখনো পেনশন পাননি। ইতিমধ্যে এবিষয়ে তারা মুখ্যমন্ত্রী ও মুখ্য নির্বাহী সদস্যের দৃষ্টি আকর্ষণ করেছেন। অবিলম্বে পেনশন চালুর জন্য তিনি দাবি জানিয়েছেন।

********************

**CM meeting Tripura Sundari Mandir trust :**

গোমতী জেলার জেলাশাসকের কনফারেন্স হলে মাতা ত্রিপুরাসুন্দরী মন্দির ট্রাস্টের সপ্তম বৈঠক গতকাল অনুষ্ঠিত হয়। বৈঠকে সভাপতিত্ব করেন ট্রাস্টের চেয়ারম্যান তথা মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহা। মাতাবাড়ি মন্দির প্রাঙ্গনের উন্নয়ন, সংস্কার এবং রক্ষনাবেক্ষণ সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে বৈঠকে বিস্তারিত আলোচনা হয়। এছাড়া, আসন্ন দীপাবলি মেলাকে সফল ও সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে বিভিন্ন প্রস্তুতি এবং সমন্বয়মূলক কার্যক্রম নিয়েও আলোচনা অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, গোমতী জেলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়, বিধায়ক অভিষেক দেবরায়,  জিতেন্দ্র মজুমদার প্রমূখ।

***************

**ভিনু মানকর ক্রিকেট:**

ভিনু মানকর ট্রফি ক্রিকেটের অনূর্ধ্ব ১৯ বছরের গ্রুপ পর্যায়ের  খেলা আজ থেকে শুরু হচ্ছে। দেরাদুনে উদ্বোধনী দিনের খেলায় ত্রিপুরা ও হিমাচল প্রদেশ পরস্পরের মুখোমুখি হবে। পরে রাজ্যদল ১১ অক্টোবর হায়দ্রাবাদ, ১৩ অক্টোবর কর্ণাটক, ১৫ অক্টোবর ছত্তিসগড় এবং ১৭ অক্টোবর চন্ডিগড়ের বিরুদ্ধে খেলবে।

******************

**Weather :**

আগরতলা ও তার পাশ্ববর্তী অঞ্চলে আজ আকাশ সাধারনত মেঘাচ্ছন্ন থাকবে। দু'এক পশলা হালকা থেকে মাঝারি  বজ্রবিদ্যুত  সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রির  কাছাকাছি থাকতে পারে। ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৩.৬  ডিগ্রি সেলসিয়াস। গত ২৪ ঘন্টায় পরিমাপযোগ্য  বৃষ্টিপাত ৬৮.২  মিলিমিটার।

******************